120

তারিখ 08 JAN 1996
পৃষ্ঠা ৮ কলাম ৩

দৈনিক বাংলা

# ৪ বোর্ডে এক প্রশ্নপত্রে পরীক্ষার প্রতিবাদে রাজশাহীর বিভিন্ন কলেজে তালা

রাজশাহী অফিস ঃ দেশের ৪টি শিক্ষা বোর্ডের আসন্ন এইচএসসি পরীক্ষা একই প্রশ্নপত্রে গ্রহণের সিদ্ধান্ত বাতিলের দাবীতে শনিবার পরীক্ষার্থীরা নগরীর সরকারী ও বেসরকারী কলেজের প্রধান গেটে তালা ঝুলিয়ে দেয়। ফলে, কলেজগুলোতে পূর্ব-ঘোষিত এইচএসসি টেষ্ট পরীক্ষা অনুষ্ঠিত হতে পারেনি।

উল্লেখ্য, গত একমাস ধরে নগরীর সবক'টি কলেজে এইচএসসি পরীক্ষার্থীদের সংগঠন সর্বদলীয় ছাত্রঐক্য পরিষদ চারবোর্ডে একই প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত এবং কম্পিউটার-পদ্ধতি বাতিলের দাবীতে আন্দোলন করে আসছে। শনিবার তারাই কলেজগুলোতে তালা ঝুলিয়ে পরীক্ষা বন্ধ রাখে।